গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(রাজস্ব শাখা)
www.moulvibazar.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৯.৪৪.০১১.১৭. ৩৪৭৯ তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ / ২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

## আদেশ

যেহেতু, জনাব এ এইচ এম শাহেদুজ্জামান (রনি), অফিস সহায়ক বিগত ০৩/১০/২০২২ খ্রি. তারিখ হতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং সহকারী কমিশনার (ভূমি), কুলাউড়া এর ২৭/১০/২০২২ খ্রি. তারিখের ৩১.৪৬.৫৮৬৫.৯০.০০.০০.০০১.১৮.৯০৫ নম্বর স্মারকে অননুমোদিত অনুপস্থিতির জন্য কারণ দর্শানো হয়। উক্ত কর্মচারী বিনা অনুমতিতে অনুপস্থিত থেকে উর্দ্ধতন কর্তৃপক্ষের আদেশ অমান্য এবং কর্তব্যে অবহেলা করেছেন মর্মে প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, তিনি ইউনিয়ন ভূমি অফিস, কাদিপুর, কুলাউড়ায় অফিস সহায়ক হিসেবে দায়িত্বরত ছিলেন। তার পদবী অনুযায়ী ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তার সহায়ক হিসেবে সরেজমিনে জলমহাল এবং সরকারি খাস জমি দেখাশুনা, অনাদায়ী ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য জমির মালিকগণকে তাগিদ প্রদানসহ সরকারি গুরুত্বপূর্ণ কাজ তার উপর ন্যস্ত ছিল। গত ০৩/১০/২০২২ খ্রি. তারিখ হতে অদ্যাবধি কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার উপর অর্পিত সরকারি কাজে বিঘ্ন ঘটেছে; এবং

যেহেতু, জনাব এ এইচ এম শাহেদুজ্জামান (রনি), অফিস সহায়ক অনুপস্থিতির কারণ ব্যাখ্যাসহ কর্মস্থলে যোগদান করার নিমিত্ত আপনার বাসস্থানের ঠিকানায় সহকারী কমিশনার (ভূমি), কুলাউড়া এর ২২/০১/২০২৩ খ্রি. তারিখের ৩১.৪৬.৫৮৬৫.৯০.০০.০০.০০১.১৮.৭৩/১ নম্বর স্মারকে রেজিস্ট্রি ডাকযোগে পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কারণ দর্শানোর জবাব দাখিল করেন নি। এ জন্য তার সাথে যোগাযোগ করার চেষ্টা করা হলেও যোগাযোগ করা সম্ভব হয় নি। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকা অবস্থায় বা অফিসে না আসা তার অভ্যাসে পরিণত হয়েছে; এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী উক্ত কর্মচারী ইউনিয়ন ভূমি অফিস, কাদিপুর, কুলাউড়ায় কর্মরত থাকাবস্থায় কর্তৃপক্ষকে অবহিত না করে কোন প্রকার কারণ ব্যতিরেকে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন এবং অভিযোগনামা ও ২য় কারণ দর্শানোর নোটিশ সরাসরি সমজিয়া রাখার পরও কোন জবাব প্রদান না করা চাকরি শৃঙ্খলার জন্য হানিকর ও শিষ্টাচার বহির্ভূত আচরণ এবং বিদ্যমান বিধিমালার পরিপন্থী কার্য, যা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী প্রমাণিত "অসদাচরণ" এর অভিযোগে একই বিধিমালার ৪(৩) (ঘ) বিধি মোতাবেক তাকে কেন চাকরি হতে বরখাস্ত বা বিধিতে বর্ণিত অন্য কোন গুরুদন্ড প্রদান করা হবে না তার কারণ দর্শানোর নোটিশ জারি করে ৭ (সাত) কার্য দিবসের মধ্যে জবাব প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মচারী নোটিশ জারীর নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব দাখিল করেন নি এবং তার বিরুদ্ধে গুরুদন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়েছে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩) (ঘ) বিধি মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্তকরণের সিদ্ধান্ত গৃহীত হয়; এবং

সেহেতু, জনাব এ.এইচ.এম শাহেদুজ্জামান(রনি), অফিস সহায়ক, ইউনিয়ন ভূমি অফিস, কাদিপুর, কুলাউড়া, মৌলভীবাজার এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং বিভাগীয় মামলা সংশ্লিষ্ট নথি ও অন্যান্য কাগজপত্র পর্যালোচনাক্রমে "অসদাচরণ" এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩) (ঘ) বিধি মোতাবেক সরকারি চাকরি হতে বরখাস্তকরণের গুরুদন্ড আরোপ করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৫.৯.২৩

(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার
☎ ০২৯৯৬৬৮৩২০২
✉ dcmoulvibazar@mopa.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৬.৫৮০০.০০৯.৪৪.০১১.১৭. ১৫৭৯/১(৮)

তারিখ: ১০ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার।
৫. সহকারী কমিশনার (ভূমি), কুলাউড়া, মৌলভীবাজার। তাকে নোটিশটি প্রাপক বরাবর যথাযথভাবে জারিপূর্বক জারি প্রতিবেদন জরুরী ভিত্তিতে দাখিলের জন্য বলা হলো।
৬. সহকারী কমিশনার, আইসিটি শাখা। তাকে উক্ত আদেশটি জেলা প্রশাসকের ওয়েব পোর্টালে প্রকাশের জন্য প্রেরণ করা হলো।
৭. উপজেলা হিসাব রক্ষণ অফিসার, কুলাউড়া, মৌলভীবাজার।
৮. জনাব এ.এইচ.এম শাহেদুজ্জামান (রনি), পিতা: মোঃ শফিকুর রহমান, মাতা: হেনা আরা সালমিন, গ্রাম: শ্রীমঙ্গল, ডাক: করিমনগর, উপজেলা: মৌলভীবাজার সদর, জেলা: মৌলভীবাজার।

২৫.৯.২৩

জেলা প্রশাসক
মৌলভীবাজার